# পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২

ফোনঃ ০৪৪২৭-৫৬০১৮, ফ্যাক্সঃ ০৪৪২৭-৫৬১১২

স্মারকনং- পবিপ্রবি/প্রশা-৭৮৩/ভক-১৩(অংশ-৭)/১৮/১৯১০ তারিখঃ ১০/১০/২০১৮

## ভর্তি বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯শিক্ষাবর্ষে নিম্নলিখিত অনুষদ সমূহেLevel-1, Semester-I এ ছাত্রছাত্রী ভর্তি করা হবেঃ

| ইউনিট | অনুষদ | ডিগ্রী | আসন সংখ্যা |
|---|---|---|---|
| A | কৃষি | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (অনার্স) [Bachelor of Science in Agriculture (Hons.)] | ২০০ |
| | মাৎস্যবিজ্ঞান | ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ(অনার্স) [Bachelor of Science in Fisheries (Hons.)] | ৬০ |
| | অ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন [Doctor of Veterinary Medicine (DVM)] | ৬০ |
| | | ব্যাচেলর অব সায়েন্স ইন অ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) [Bachelor of Science in Animal Husbandry (Hons.)] | ৬০ |
| | ডিজাস্টার ম্যানেজমেন্ট | ব্যাচেলর অব সায়েন্স ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট (অনার্স) [Bachelor of Science in Disaster Management(Hons.)] | ৬০ |
| | নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স | ব্যাচেলর অব সায়েন্স ইন নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স (অনার্স) [Bachelor of Scinece in Nutrition and Food Science (Hons.)] | ৬০ |
| | ল্যান্ড ম্যানেজমেন্ট এন্ড অ্যাডমিনিস্ট্রেশন | ব্যাচেলর অব সায়েন্স ইন ল্যান্ড ম্যানেজমেন্ট এন্ড অ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) [Bachelor of Science in Land Management and Administration (Hons.)] | ৬০ |
| B | বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট | ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন [Bachelor of Business Administration(BBA)] | ১০০ |
| C | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ব্যাচেলর অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং [Bachelor of Science in Computer Science and Engineering[(B.Sc. Engg. (CSE)] | ৭০ |

Foreign students willing to get admitted in Bachelor Degree programs of Patuakhali Science and Technology University(PSTU) in Agriculture/CSE/ BBA /DVM/Fisheries/Disaster Management/Nutrition and Food Science/ Animal Husbandry/ Land Management and Administration are requested to visit www.pstu.ac.bdfor detailed information.

**ক. আবেদন করার যোগ্যতাঃ**

১. যে সকল ছাত্রছাত্রী২০১৫/২০১৬ সালে এসএসসি বা সমমান এবং ২০১৭/২০১৮সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণহয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে।

২. আবেদনকারীর অবশ্যই এসএসসি বা সমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে চতুর্থ বিষয়সহ প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.০সহ সর্বমোট জিপিএ ৬.০ থাকতে হবে।

৩. শুধুমাত্রAইউনিটেরক্ষেত্রেমোটআসনসংখ্যারসর্বোচ্চ১০ (দশ) গুনছাত্রছাত্রীকেভর্তিপরীক্ষায়অংশগ্রহণেরসুযোগপ্রদানকরাহবে।

৪. ইউনিট A: ১) বি.এসসি. এজি . (অনার্স); ২) বি.এসসি. ফিশারিজ(অনার্স) ; ৩) ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন ; ৪) বি.এসসি. ডিজাস্টার ম্যানেজমেন্ট(অনার্স) ; ৫) বি.এসসি. নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স (অনার্স) ; ৬) বি.এসসি. অ্যানিমেল হাজবেন্ড্রি(অনার্স)ও৭) বি.এসসি. ল্যান্ড ম্যানেজমেন্ট এন্ডঅ্যাডমিনিস্ট্রেশন (অনার্স) ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের বিজ্ঞান গ্রুপ থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় এবং এইচএসসি বা সমমানেরপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় অবশ্যই তার পঠিত পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং জীববিদ্যাসহ সকলবিষয়ের প্রতিটিতে ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে।

৫. ইউনিটB: ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে এসএসসি বাসমমানের এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীর এইচএসসি বা সমমানের পরীক্ষায় অবশ্যই তার পঠিত বিষয়সমূহেরপ্রতিটিতে ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে।

৬. ইউনিটC: বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের বিজ্ঞান গ্রুপ থেকে এসএসসি বা সমমানের এবংএইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় অবশ্যই তার পঠিত পদার্থবিদ্যা, রসায়ন, গণিতসহসকল বিষয়ের প্রতিটিতে ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে।

৭. সরকারী কোটা নীতি অনুযায়ী উপজাতি, মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী, প্রতিবন্ধী, প্রবাসে কর্মরতদের সন্তান, হরিজন-দলিত, বিকেএসপি এবং বিধিঅনুসারে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) স্থায়ীভাবে কর্মরতদের পোষ্যদের জন্য সংরক্ষিত আসনে ভর্তি পরীক্ষার লিখিত অংশে কমপক্ষে ৪০ নম্বর (ন্যূনতম যোগ্যতা) প্রাপ্তি সাপেক্ষে মেধাক্রমে ভর্তির সুযোগ দেয়া হবে।

৮.GCE/O লেভেল এবংA লেভেল প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE/O লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়েB গ্রেড এবংA লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়েB গ্রেড পেয়ে পাশ করতে হবে।

**খ. আবেদনের প্রক্রিয়াঃ**

১. আবেদনকারীকেভর্তিপরীক্ষাসংক্রান্তকার্যাবলিভর্তিরওয়েবসাইট(https://pstu.admission.online)এরমাধ্যমেসম্পন্নকরতেহবে।এইসাইটেআবেদনকারীভর্তিসংক্রান্তনির্দেশিকা, লিংকএবংনোটিশদেখতেপাবে।

২. ওয়েবসাইটএপ্রবেশেরআগেনিম্নেবর্ণিতজিনিসগুলোসাথেরাখতেহবে।

- i. স্ক্যানকরাঅথবাডিজিটালক্যামেরায়তোলা 300 x 300 pixel মাপেরনিজেরএকটিরঙ্গিনছবি(jpg),ফাইলেরসাইজ 100 KB এরবেশিহবেনা।
- ii. 300 x 80 pixel মাপেরস্ক্যানকরানিজেরএকটিস্বাক্ষর (jpg) (কাগজেকালোকালিদিয়েগাঢ়করেস্বাক্ষরকরেস্ক্যানকরতেহবে),ফাইলেরসাইজ 60 KB এরবেশিহবেনা।
- iii. অনলাইনেভর্তিরজন্যশিওরক্যাশ, bKash অথবা DBBL এ৬৫০ /- (সকলচার্জসহ)টাকাপেমেন্টকরতে হবে।পেমেন্টসম্পন্নহওয়ারপরপরীক্ষার্থীরমোবাইল নম্বরে অথবা যেমোবাইলহতেটাকাপাঠানোহয়েছে, সেটিতেতাৎক্ষনিকএকটি SMS আসবে, যারমধ্যে Transaction ID উল্লেখথাকবে।এই Transaction ID টিসংরক্ষণকরতেহবে।
- iv. ফরমপূরণেরসময়এই Transaction ID টিইনপুটদিতেহবে।(প্রতিটিইউনিটএরজন্যআলাদাভাবে৬৫০ /- (সকলচার্জসহ ) টাকাকরেপেমেন্টকরে Transaction ID সংগ্রহকরতেহবে)

৩. ভর্তিরওয়েবসাইটেআবেদনকরারদুইটিঅপশনআছেঃ

- i. একটি HSC/সমমানইত্যাদিপাশকরেছেতাদেরজন্য।
- ii. আরেকটিযারা O-Level / A-Level বাবিদেশথেকেপাশকরেছেতাদেরজন্য। O-Level / A-Level এরপ্রার্থীদের English Medium / Foreign Application ফরমটিপূরণকরে ID সংগ্রহকরতেহবে, এটাছাড়াআবেদনকরাযাবেনা।

৪.HSC/সমমানএরপ্রার্থীদেরভর্তিরআবেদনকরারজন্যওয়েবসাইটের ‘আবেদন’ বাটনেক্লিককরতেহবে।

৫. **‘আবেদন’**বাটনেক্লিককরারপর ‘আবেদন’-এরতথ্যেরপেইজেআবেদনকারীরউচ্চমাধ্যমিক/সমমানেরপরীক্ষাররোলনম্বর, রেজিস্ট্রেশননম্বর, পাসেরসালওবোর্ডেরনামএবংমাধ্যমিক/সমমানেরপরীক্ষাররোলনম্বর, রেজিস্ট্রেশননম্বর,পাসেরসালওবোর্ডেরনামপ্রদানকরে **‘অগ্রসরহোন’** বাটনেক্লিককরতেহবে।পরবর্তীপেইজেআবেদনকারীরউচ্চমাধ্যমিকওমাধ্যমিকপরীক্ষারতথ্যাবলিদেখাযাবে।

৬. প্রদর্শিততথ্যসঠিকথাকলেনির্ধারিতস্থানেআবেদনকারীরনির্দিষ্টফরম্যাটেএকটিফরমালছবি , স্বাক্ষর, ব্যক্তিগতমোবাইলনম্বরওপ্রযোজ্যক্ষেত্রেকোটার Choice ওতথ্যদিতেহবে।ভুলকরেকোটারতথ্যদিলে, কোটারআসনপেলেওভর্তিবাতিলহয়েযাবে।

৭. ছবিএবংঅন্যান্যতথ্যদেয়াসম্পন্নহলেফরমেরশেষে Declaration অপশনেক্লিককরে Save and Continue করতেহবে।

৮.কিছুক্ষণসময়নিয়েছবিওস্বাক্ষরআপলোডহবেএবংপরে Dashboard দেখাযাবে।

৯.Dashboard এরশুরুতেপ্রার্থীরআবেদনযোগ্যইউনিটসমূহেরতালিকাদেখাযাবে।

- i. প্রতিটিইউনিটএরপাশে Apply বাটনথাকবে (প্রতিটিইউনিটেআলাদাভাবে Apply করতেহবে),Apply বাটনেক্লিককরলেঐইউনিটেরআবেদনেরফী৬৫০ /-(সকলচার্জসহ) টাকাপ্রদর্শনকরবে।
- ii. প্রার্থীযেমাধ্যমেপেমেন্টকরেছেতাসিলেক্টকরতেহবে (শিওরক্যাশঅথবাbKash অথবা DBBLRocket)
- iii. পূর্বেপেমেন্টকরা Transaction ID ইনপুটদিতেহবে।

iv. ‘**সাবমিট**’ বাটনেক্লিককরতেহবে।

১০.সঠিক ভাবে ফরমটি সাবমিট হলে প্রার্থীকে পেমেন্ট রিসিট দেখানো হবে এবং একটি Confirmation SMS রেজিস্টার্ড মোবাইল নম্বরে যাবে।

১১.আসনবিন্যাসহওয়ারপরপ্রার্থীদেরSMSএরমাধ্যমেওওয়েবসাইটেনোটিশের মাধ্যমেপ্রবেশপত্রডাউনলোডকরারতারিখজানিয়েদেওয়াহবে।

১২. প্রবেশপত্রডাউনলোডকরারপদ্ধতিঃ

i. ওয়েবসাইটেপ্রবেশকরে ‘**লগইন**’ বাটনেক্লিককরতেহবে।

ii. পেইজেআবেদনকারীরউচ্চমাধ্যমিক/সমমানেরপরীক্ষাররোলনম্বর, পাসেরসালওবোর্ডেরনামএবংমাধ্যমিক/সমমানেরপরীক্ষাররোলনম্বরপ্রদানকরে ‘**অগ্রসরহোন**’ বাটনেক্লিককরতেহবে।

iii. প্রতিটিইউনিটএরপাশেDownloadবাটনথাকবে।এইবাটনেক্লিককরেপ্রবেশপত্রডাউনলোডকরতেহবে।

১৩.ডাউনলোডকরাপ্রবেশপত্রটি২কপিরঙ্গিনপ্রিন্টকরতেহবেএবংপরীক্ষারহলেনিয়েআসতেহবে। প্রবেশপত্র দুটি হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর১কপিপরীক্ষারসময়েপরিদর্শকেরকাছেজমাদিতেহবে এবং অপর কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

**শিওরক্যাশের**এরমাধ্যমে **Payment**করার নিয়মঃ

১. শিউরক্যাশমোবাইলব্যাংকিংএকাউন্টথেকে*৪৯৫#ডায়ালকরুন।

২. মেনুথেকে“Payment”অপশনএযান।

৩. পেমেন্টঅপশনেকী-ওয়ার্ডPSTUলিখুন।

৪. তারপরপ্রার্থীরHSC অথবা সমমানের পরীক্ষার রোল নম্বরটাইপকরুন।

৫. বিশ্ববিদ্যালয়এরপক্ষথেকেনির্ধারিতফি**৬৫০**টাকাটাইপকরুন।

৬. পরীক্ষার্থীরমোবাইলথেকে**Payment**করতেচাইলেমোবাইলএকাউন্টএরনির্ধারিতপিননম্বরপ্রদানকরুনএবংএজেন্টঅ্যাকাউন্ট থেকে**Payment**করতেচাইলেপরীক্ষার্থীরমোবাইলনম্বরদিয়েপিননম্বরপ্রদানকরুন।

৭. আপনারপেমেন্টশেষহলেসঙ্গেসঙ্গেআপনিএকটিফিরতিSMS পাবেন, SMSএTransaction IDউল্লেখথাকবে।এই**Transaction ID**টিআপনাকেসংরক্ষনকরতেহবে, কেননাবিশ্ববিদ্যালয়েরওয়েবসাইটেফরমপূরণ করারসময়এই**Transaction ID**টিআপনাকেইনপুটদিতেহবে।

**DBBL Rocket**এর মাধ্যমে **Payment**করার নিয়মঃ

১. ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে***322#**ডায়াল করুন।

২. মেনু থেকে1সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করুন।

৩. আবার1সিলেক্ট করে**Bill Pay**অপশনে যান।

৪. পরীক্ষার্থীরমোবাইলথেকে **Payment**করতেচাইলে1সিলেক্ট করে **self**অপশন এ যানএবংঅন্যেরমোবাইলথেকে**Paymentকরতেচাইলে Other**অপশনসিলেক্টকরে**Payer**মোবাইল (পরীক্ষার্থীর)নম্বরদিন।

৫.Biller ID**369**টাইপ করুন।

৬. **Bill Number** হিসাবেপ্রার্থীরHSC অথবা সমমানের পরীক্ষার রোল নম্বরটাইপকরুন।

৭. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি**৬৫০**টাকা টাইপ করুন।

৮. আপনার মোবাইল একাউন্টের নির্ধারিত পিন প্রদান করুন।

৯.Paymentসম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষণিক একটি SMSআসবে, যার মধ্যেTransaction IDউল্লেখ থাকবে ।এই**Transaction ID**টি সংরক্ষন করতে হবে; কেননা ফরম পূরণের সময় এই**Transaction ID**টি ইনপুট দিতে হবে।

**bKash**এর মাধ্যমে**Payment**করার নিয়মঃ

১.***247#**ডায়াল করে বিকাশ মোবাইল মেনুতে যান।

২.“Payment”সিলেক্ট করুন।

৩.মার্চেন্ট বিকাশ একাউন্টনম্বর**01776792462**দিন।

৪.বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি**৬৫০**টাকা টাইপ করুন।

৫.Referenceহিসাবে প্রার্থীরHSC অথবা সমমানের পরীক্ষার রোল নম্বরটাইপকরুন।

৬.কাউন্টার নম্বর1দিন।

৭.bKash PIN ****ইনপুট দিয়েPaymentসম্পন্নকরুন।

৮.Paymentসম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষণিক একটি SMSআসবে, যার মধ্যেTransaction IDউল্লেখ থাকবে । এইTransaction IDটি সংরক্ষণ করতে হবে; কেননা ফরম পূরণের সময় এই**Transaction ID**টি ইনপুট দিতে হবে।

**গ. লক্ষণীয় বিষয়ঃ**

১. আবেদনকারীকে ডাউনলোডকৃত প্রবেশ পত্র ২ কপি ভর্তি পরীক্ষার হলে আনতে হবে। অন্যথায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২. দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

৩. একবার অনলাইন থেকে আবেদন করা হলে তা প্রত্যাহার করা যাবে না।

৪. অনলাইন এর মাধ্যমে কোন ভুল বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫. ইউনিটে আবেদন করার পর ছবি, স্বাক্ষর ও কোটা পরিবর্তন করা যাবে না।

৬. ভর্তি পরীক্ষার কেন্দ্র ওয়েবসাইটে Loginকরে দেখা যাবে।

৭. ভর্তি পরীক্ষায় কেবলমাত্র fx-100(MS,S,V,W,Z,C,D), fx-570(MS,S,W,Z), fx-991(MS,W,S,H,Z)মডেলের ক্যালকুলেটর ব্যবহারকরা যাবে।

৮. মোবাইল ফোন, ঘড়ি বা অন্য কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৯. আবেদনের সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটার বিষয়টি কোনভাবেই বিবেচনা করা যাবে না।

১০. **GCE**সনদধারীদের পরীক্ষার হলে মূল ট্রান্সক্রিপ্ট ও তার ফটোকপি আনতে হবে।

১১. ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন ডিগ্রীর জন্য ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের ৬ মাসের ইনটার্ণশীপসহ ৫(পাঁচ) বছর মেয়াদী এবং ব্যাচেলর অব সায়েন্স ইন অ্যানিমেলহাজবেন্ড্রি (অনার্স) ডিগ্রীর জন্য ৬ মাসের ইনটার্ণশীপসহ ৪.৫ (সাড়ে চার) বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম পবিপ্রবি এর বহিঃস্থ ক্যাম্পাসের অ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, খানপুরা, বাবুগঞ্জ, বরিশালে পরিচালিত হবে।

**ঘ. ভর্তি পরীক্ষার কাঠামো ও মূল্যায়ন পদ্ধতিঃ**

১. পরীক্ষা পদ্ধতিঃ মোট নম্বরঃ২০০; তন্মধ্যে ১০০ নম্বরের এমসিকিউ(MCQ)পরীক্ষায় নিম্নরূপ মান বন্টনে হবে।

ইউনিট A: পদার্থবিদ্যা-২০, রসায়ন-২০, জীববিদ্যা-২০, গণিত-১৫, ইংরেজী-১৫ এবং সাধারণ জ্ঞান-১০।

ইউনিট B: গণিত-৩০, ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড কমিউনিকেশন-৩০, এনালাইটিক্যাল এবিলিটি-৩০ এবং সাধারণ জ্ঞান-১০ I

ইউনিট C: পদার্থবিদ্যা-২৫, রসায়ন-২৫, গণিত-২৫, ইংরেজী-১৫, সাধারণ জ্ঞান-১০।

২. প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর মোট প্রাপ্ত নম্বর থেকে কর্তন করা হবে।

৩. সকল ইউনিটের ক্ষেত্রে অবশিষ্ট ১০০ নম্বরের জন্য এসএসসি জিপিএ কে ৪০ এবং এইচএসসি জিপিএ কে ৬০ বিবেচনা করে অর্থাৎ এসএসসি জিপিএএর ৮ গুণ এবং এইচএসসি জিপিএ এর ১২ গুণ নম্বর যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

৪. পরীক্ষার সময় ১ ঘন্টা।

৫. প্রশ্নপত্র বাংলা মাধ্যমে করা হবে I

৬. উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতিঃ অপটিক্যাল মার্ক রিডার (OMR) I

**ঙ. ভর্তি পরীক্ষার সিডিউলঃ**

১. আবেদনের মেয়াদঃ১০/১০/২০১৮ থেকে ২০/১১/২০১৮ খ্রিঃ বিকাল ৪.৩০ মিঃ পর্যন্ত।

২. প্রবেশপত্র ডাউনলোডের মেয়াদঃ০১/১২/২০১৮ থেকে ০৫/১২/২০১৮ খ্রিঃ পর্যন্ত।

৩. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ

| ইউনিট | তারিখ ও বার | সময় |
|---|---|---|
| A | ১০ ডিসেম্বর ২০১৮, সোমবার | বেলা ১১.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত |
| B | ১১ ডিসেম্বর ২০১৮, মঙ্গলবার | বেলা ১১.০০টা থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত |
| C | ১১ ডিসেম্বর ২০১৮, মঙ্গলবার | বিকাল ৩.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত |

৪. ভর্তি পরীক্ষার কেন্দ্রঃপটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নির্ধারিত অন্যান্য স্থান।

৫. ভর্তি পরীক্ষার ফল প্রকাশঃ ১৪/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে জাতীয় পত্রিকা, বিশ্ববিদ্যালয়ের নোটিশবোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**চ. ভর্তি সংক্রান্ত তথ্যঃ**

১. A,Bও Cইউনিটের মেধা তালিকার ও অপেক্ষমান তালিকার সকলকে ১৪-১৭ ডিসেম্বর ২০১ ৮তারিখের মধ্যে পবিপ্রবির ওয়েবসাইটে নির্ধারিতআবেদন ফরমে যাচিত তথ্য যথাযথভাবে পূরণ করতে হবে এবং A ইউনিটে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের অবশ্যই অনলাইন এ সাবজেক্ট চয়েস এ তাদের ভর্তির বিষয় পছন্দের ক্রমানুসারে(১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম) ফরম পূরণ করতে হবে।

২. মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা ভুক্ত কেউ সাবজেক্ট চয়েস না করলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

৩. মেডিকেল চেকআপ এবং মেধা তালিকা থেকে ভর্তির তারিখঃ  ১৮/১২/২০১৮ খ্রিঃ ও ১৯/১২/২০১৮ খ্রিঃ (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)

৪. ২০-২২ ডিসেম্বর ২০১৮  তারিখেAuto Migrationএবং শুন্য আসন তালিকা পবিপ্রবি ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৫. অপেক্ষমান তালিকা থেকে ভর্তিঃ ২৪/১২/২০১৮ খ্রিঃ (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত)।

৬. মেধাক্রম অনুযায়ী ২০০ জন বি.এসসি . এজি .(অনার্স), ৭০ জন বি.এসসি. ইঞ্জি. (সিএসই),১০০ জন বিবিএ, ৬০ জন বি.এসসি. ফিশারিজ(অনার্স), ৬০ জন ডক্টর অবভেটেরিনারি মেডিসিন(ডিভিএম), ৬০ জন বি.এসসি . ডিজাস্টার ম্যানেজমেন্ট(অনার্স), ৬০ জন বি.এসসি . নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স(অনার্স), ৬০জন বি.এসসি . অ্যানিমেল হাজবেন্ড্রি(অনার্স), ৬০ জন বি.এসসি. ল্যান্ড ম্যানেজমেন্ট এন্ড অ্যাডমিনিস্ট্রেশন(অনার্স) প্রোগ্রামে ভর্তির জন্য নির্বাচিত হবে।

৭. ওয়েবসাইটে উল্লেখিত ভর্তি ফি, কোর্স ফি, হল ফি ও অন্যান্য ফি পরিশোধ করে নির্বাচিত ছাত্রছাত্রীকে ভর্তি হতে হবে।

৮. প্রতি সেমিস্টারের কোর্স ফি ও এনরোলমেন্ট ফি প্রদান পূর্বক এনরোল করতে হবে।

৯. সকল ছাত্রছাত্রীকেই হল এটাচমেন্ট গ্রহণ করতে হবে। প্রাপ্যতা সাপেক্ষে মেধানুসারে ছাত্রছাত্রীদেরকে হলে সিট বরাদ্দ করা হবে। সিট পাওয়া না গেলেকর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০.প্রার্থী কোনরূপ ভুল বা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তীতে তার ভর্তি বাতিল হবে।

১১.ভর্তির সময়ে এসএসসি/সমমান পাশের মূল সনদ, এইচএসসি/সমমানের পাশের মূল সনদ বা প্রশংসাপত্র, এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূলএকাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সদ্য তোলা ৪ কপি স্ট্যাম্প ও ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি অবশ্যই প্রদান করতে হবে।

১২. যারা যে কোটার ভর্তির জন্য নির্বাচিত হবে তাদের অবশ্যই মূল মুক্তিযোদ্ধা সার্টিফিকেট/উপজাতি সনদ / প্রতিবন্ধী/পোষ্য সন্তান/হরিজন-দলিত/প্রবাসীকল্যাণ মন্ত্রনালয়ের সার্টিফিকেট দেখাতে হবে এবং তার সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে।

[**বিঃদ্রঃ** ক. মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কণ্যার সন্তান অমুক মর্মে সনদ; খ. প্রতিবন্ধী প্রার্থীকে উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদ; গ. হরিজন-দলিত প্রার্থীদের উপজেলা নির্বাহী কর্মকর্তার সনদ প্রদান করতে হবে।সনদ সমূহের নমুনা কপি পবিপ্রবি ওয়েব সাইটে দেয়া আছে।।]

১৩. ভর্তি সংক্রান্ত কোন নিয়মনীতি বা সিডিউল পরিবর্তন হলে জাতীয় দৈনিক পত্রিকা এবং পবিপ্রবি ওয়েবসাইটের মাধ্যমে প্রচার করা হবে।

১৪. প্রকাশিত নিয়মনীতি বা পরিক্রমার বিরুদ্ধে কোন আপিল গ্রহনযোগ্য হবে না।

১৫. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. ক্লাস শুরু(ওরিয়েন্টেশনসহ):০১/০১/২০১৯ খ্রিঃ, সকাল ১০টা, বিশ্ববিদ্যালয় অডিটোরিয়াম।

বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত বিষয়ে যোগাযোগঃ www.pstu.ac.bd/admissionবা সেল ফোন নম্বরঃ

**টেকনিক্যাল সহযোগিতার জন্য হেল্পলাইনঃ ০১৭০৮ ১৬ ৬০ ৩৮, ০১৭০৮ ১৬ ৬০ ৪০**

ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্যঃ

প্রফেসর ড. আবুল কাসেম চৌধুরী(আহ্বায়ক, ভর্তি পরীক্ষা কমিটি):০১৭১০১৫২১৭(অফিস চলাকালীন সময়)

প্রফেসর ড. মুহাম্মদ মনিরুজ্জামান (সদস্য-সচিব, ভর্তি পরীক্ষা কমিটি) :০১৭৬৭৯২৪৬২ (অফিস চলাকালীন সময়)

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত)
রেজিস্ট্রার (অ.দা.) ও সদস্য-সচিব
ভর্তি কমিটি ২০১৮-২০১৯, পবিপ্রবি